ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা
www.dscc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক সংখ্যা-৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯-৭২৭

তারিখ ঃ ০৮.০৮.২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৬.০৫.২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০১১.৩৩৬.১৪-৪৫১ নম্বর স্মারকের অনুমোদনের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর রাজস্বখাতভুক্ত নিম্নেবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্র. নং | পদ নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | সহকারী প্রকৌশলী (পুর)<br>গ্রেড ঃ ৯ (২২,০০০-৫৩,০৬০/-) | ৫ টি | ১৮-৩০ বৎসর | প্রকৌশলে স্নাতক ডিগ্রী ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। |
| ০২. | উপ-সহকারী প্রকৌশলী (পুর)<br>গ্রেড ঃ ১০ (১৬,০০০-৩৮,৬৪০/-) | ১০ টি | ১৮-৩০ বৎসর | প্রকৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হতে সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ০৩. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>গ্রেড ঃ ১০ (১৬,০০০-৩৮,৬৪০/-) | ৫ টি | ১৮-৩০ বৎসর | প্রকৌশলে ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হতে সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ০৪. | কানুনগো<br>গ্রেড ঃ ১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ১ টি | ১৮-৩০ বৎসর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী তৎসহ কানুনগো প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৫. | উচ্চমান সহকারী কাম-হিসাব রক্ষক<br>গ্রেড ঃ ১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | ৫ টি | ১৮-৩০ বৎসর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। দাপ্তরিক চিঠিপত্র লিখন কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৬. | মেশিন অপারেটর<br>গ্রেড ঃ ১৫ (৯,৭০০-২৩,৪৯০/-) | ১৬টি | ১৮-৩০ বৎসর | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক অথবা অষ্টম শ্রেনী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতাসহ ভারী যানচালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭. | মেকানিক<br>গ্রেড ঃ ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ৪ টি | ১৮-৩০ বৎসর | মাধ্যমিক সার্টিফিকেট ও যান্ত্রিক ট্রেড কোর্স সার্টিফিকেটসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৮. | হিসাব সহকারী<br>গ্রেড ঃ ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ৯ টি | ১৮-৩০ বৎসর | বাণিজ্য শাখায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৯. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড ঃ ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ২৪ টি | ১৮-৩০ বৎসর | স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ প্রতি মিনিটে ইংরেজিতে ৪০ শব্দের মুদ্রাক্ষরিক গতি এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দের মুদ্রাক্ষরিক গতি থাকবে হবে। |
| ১০. | অভ্যর্থনাকারী<br>গ্রেড ঃ ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ১ টি | ১৮-৩০ বৎসর | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১. | অটো ইলেক্ট্রিশিয়ান<br>গ্রেড ঃ ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ৩ টি | ১৮-৩০ বৎসর | অটো ইলেক্ট্রিক্যাল কোর্সের সনদপত্র তৎসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ১২. | সহকারী ওয়েল্ডার<br>গ্রেড ঃ ১৮ (৮,৮০০-২১,৩১০/-) | ২ টি | ১৮-৩০ বৎসর | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাশ। |

**২। নিম্নেবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ**

(১) আগামী ১০ আগস্ট, ২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪নং কলামের বর্ণনানুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরীরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৪) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

চলমান পাতা-২

(৫) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(৬) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর সভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তার সনদের মূল/সত্যায়িত কপি।

(৭) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৮) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

(৯) সকল সত্যায়ন/প্রত্যয়ন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(১০) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(১১) বিজ্ঞপ্তির ২নং কলামের ১নং, ২নং, ৩নং, ৪নং, ৫নং, ৮নং ও ১০নং পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং ৬নং, ৭নং, ৯নং, ১১নং ও ১২নং পদের জন্য লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(১২) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী http://dscc.teletalk.com.bd এবং www.dscc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১০ আগস্ট, ২০১৯ সকাল ঃ ১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ৩০ আগস্ট, ২০১৯ বিকাল ঃ ০৫.০০ টা।

(iii) উক্ত বয়সসীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(১৩) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ২নং কলামের ১নং পদের জন্য ১,০০০/- (এক হাজার টাকা); ২নং ও ৩নং পদের জন্য ৭০০/-(সাতশত টাকা) এবং ৪নং হতে ১২নং পদের জন্য ৫০০/-(পাঁচশত টাকা) Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।

(১৪) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(১৫) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮.০৮.২০১৯

সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন ঃ ৯৫৬৩৫০৭

স্মারক সংখ্যা-৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯-

তারিখ ঃ .......................

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড
রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান, ঢাকা-১২১২
৩। বিভাগীয় প্রধান (সকল) ..............................................................., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৫। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ১, ২, ৩, ৪ ও ৫ [এ বিজ্ঞপ্তিটি স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ের নোটিশ বোর্ডে সাটানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)]।
৬। সিস্টেম এনালিস্ট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন [এ বিজ্ঞপ্তিটি অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী সংস্থার ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
৭। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন [এ বিজ্ঞপ্তিটি (১) 'দৈনিক বাংলাদেশ প্রতিদিন'; (২) 'দৈনিক যুগান্তর'; ও (৩) 'The Independent' পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৯। জনাব মো. আল-রাজ্জাকুজ্জামান, ম্যানেজার (VAS), ডিপার্টমেন্ট : মার্কেটিং এন্ড VAS, টেলিটক বাংলাদেশ লিমিটেড [ এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (http://dscc.teletalk.com.bd) প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) (বিষয়টি জরুরী)]।
১০। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও ৩, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১১। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (তিনি এ বিজ্ঞপ্তিটি নগর ভবন নোটিশ বোর্ডে সাটানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
১২। অফিস কপি (নথি নম্বর-৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯ তারিখ ঃ ২৩.০৫.২০১৯)।

০৮.০৮.১৯

( কামাল হোসেন )
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২

**অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://dscc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(i) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১০ আগস্ট, ২০১৯ সকাল ঃ ১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ৩০ আগস্ট, ২০১৯ বিকাল ঃ ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে;

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;

ঘ. প্রার্থী Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান ঃ Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে বিজ্ঞপ্তির ২নং কলামের ১নং পদের জন্য ১,০০০/- (এক হাজার টাকা); ২নং ও ৩নং পদের জন্য ৭০০/-(সাতশত টাকা) এবং ৪নং হতে ১২নং পদের জন্য ৫০০/-(পাঁচশত টাকা) ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: DSCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: DSCC ABCDEF**

Reply: **Applicant's Name, Tk. 1000/700/500 will be charged as application fee. Your PIN is XXXXXXXX.** To pay fee **Type DSCC<Space>Yes<Space>PIN and send to 16222** নম্বরে।

দ্বিতীয় SMS: DSCC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: DSCC YES XXXXXXXX**

Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for DSCC Application for XXXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).**

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dscc.teletalk.com.bd** অথবা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর Website: www.dscc.gov.bd'র এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DSCC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
   Example: DSCC HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে DSCC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
   Example: DSCC HELP PIN 12345678


০৮.০৮.২০১৯
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন ঃ ৯৫৬৩৫০৭